**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং এর আওতাধীন সংস্থাসমূহের**
**ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৭-১৮**

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সভায় চিফ ইনোভেশন অফিসার ও অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ আবদুল মাননানের সভাপতিত্বে এবং আওতাধীন সংস্থাসমূহের ইনোভেশন অফিসারের উপস্থিতিতে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ২০১৭-২০১৮ সালের বার্ষিক কর্মপরিকল্পনা চূড়ান্ত করা হয়। কর্মপরিকল্পনা নিম্নরূপ:

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়:**

১. **সভা:** ইনোভেশন টিম প্রতি মাসে একটি করে সভা করবে।
২. **অধীনস্থ সংস্থায় ই-ফাইলিং সিস্টেম বাস্তবায়ন:** এই মন্ত্রণালয়ের আওতাধীন বাকী দু'টি সংস্থায় ই-ফাইলিং বাস্তবায়নের নিমিত্ত প্রশিক্ষণ প্রদান করা হবে এবং ঐ দু'টি সংস্থায় ভার্চুয়াল অফিস প্রস্তুত করা হবে।
৩. **সাইবার সিকিউরিটির উপর বিশেষ প্রশিক্ষণ:** সাইবার সিকিউরিটির উপর আওতাধীন সংস্থাসমূহে সাইবার সিকিউরিটির উপর বিশেষ প্রশিক্ষণ প্রদান করা হবে।
৪. **ই-সেবায় রূপান্তর প্রক্রিয়া:** বিদ্যমান সেবা প্রক্রিয়াসমূহকে সহজীকরণ এবং ই-সেবায় রূপান্তর করা হবে।
৫. **প্রশিক্ষণ:** কম্পিউটারে বাংলা টাইপের ক্ষেত্রে ইউনিকোডের ব্যবহার উৎসাহিত করা হবে এবং প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হবে। এছাড়া অফিসে প্রযোজ্য ক্ষেত্রে ইলেক্ট্রনিক মিডিয়া ব্যবহারের জন্য উৎসাহ প্রদানসহ প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হবে। আইসিটিসহ নতুন নতুন প্রযুক্তির ক্ষেত্রে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে।
৬. **ওয়েবসাইট তথ্যবহুল, আকর্ষণীয় এবং হালনাগদকরণ:** ওয়েবসাইট তথ্যবহুল ও আকর্ষণীয় করা হবে এবং প্রতি কর্ম দিবসে হালনাগাদ করা হবে।
৭. **মেলা/সেমিনার:** রাষ্ট্রীয়ভাবে গৃহীত ডিজিটাল অথবা আইসিটি সংক্রান্ত বিভিন্ন মেলা/সেমিনারে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অংশগ্রহণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।
৮. **ভিডিও কনফারেন্স:** সময় অপচয় কমাতে ক্ষেত্র বিশেষে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সভা-সেমিনার আয়োজন করা হবে।
৯. **বাংলাদেশ সমুদ্র গবেষণা ইনস্টিটিউটের ওয়েবসাইট প্রস্তুতকরণ:** বাংলাদেশ সমুদ্র গবেষণা ইনস্টিটিউটের নতুন ওয়েবসাইট প্রস্তুতকরণের প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হবে।
১০. **বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ সিস্টেম এবং ওয়েবসাইট প্রস্তুতকরণঃ** বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ সিস্টেম প্রস্তুত করা হবে যাতে অনলাইনেই ফেলোগণ আবেদন করতে পারেন এবং এর জন্য ওয়েবসাইট প্রস্তুত করা হবে।

**বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন:**

১. বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন এর ওয়েব পোর্টালের অন্তর্ভুক্ত সকল বিভাগ ইনস্টিটিউটের বিষয়বস্তু সময়োপযোগী করা এবং হোম মেনুতে নতুন ধরনের প্রয়োজনীয় তথ্য সংযোজন এবং আধুনিকায়ন করা হবে।
২. ২ টি ইনমাস প্রতিষ্ঠানে Patient Management System [PMS] online সেবা চালু করা হবে।
৩. পারসোনাল ডিরেক্টরি, প্রকাশনা এবং বৈদেশিক ভ্রমণ ডাটাবেজ এর তথ্য হালনাগাদসহ প্রযুক্তিগত উন্নয়ন ও আধুনিকায়ন করা হবে।

৪. বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন-এর অভ্যন্তরীন ই-সেবা সহজীকরণ করার লক্ষ্যে তৈরিকৃত Common Platform এ নতুন ই-সেবা অন্তর্ভুক্তকরণ।
৫. পরমাণু শক্তি কমিশনে ই-ফাইলিং এবং ই-টেন্ডারিং-এর কর্ম পরিধি বিস্তৃতি করণ।
৬. বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের প্রধান কার্যালয়ে ও পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠানে চালুকৃত LAN [Local Area Network] এবং Wi-Fi সেবা সম্প্রসারণ, আপগ্রেডেশন এবং আধুনিকীকরণ করা হবে।
৭. বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনে মডিউল বেসড নিউক্লিয়ার ই-লার্নিং সিস্টেম চালু করা হবে।
৮. বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের প্রধান কার্যালয়, পরমাণু শক্তি কেন্দ্র, ঢাকা ও পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠান ও চালুকৃত LAN এবং Wi-Fi সেবা সম্প্রসারণ, আপগ্রেডেশন এবং আধুনিকীকরণ।
৯. বাংলাদেশে পরমাণু শক্তি কমিশনে সেবাসমূহ অধিকতর জনবান্ধব করার লক্ষ্যে সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের নিকট হতে উদ্ভাবণী ধারণা নিয়মিত প্রাপ্তির উদ্দেশ্যে টেন্ডার বক্সের অনুরূপ একটি স্বচ্ছ ইনোভেশন আইডিয়া বক্স চালু করা

**বাংলাদেশের বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর):**

১. অভ্যন্তরিন সেবা সমূহের সম্ভাব্য পূর্ণাঙ্গ তালিকা প্রণয়ন
২. অভ্যন্তরিন সেবা সমূহের মধ্য হতে গুরুত্বপূর্ণ ৩ টি সেবা সহজীকরণের জন্য চিহ্নিতকরণ
৩. গুরুত্বপূর্ণ ৩ টি সেবার বিস্তারিত সার্ভিস প্রোফাইল তৈরী করা।
৪. অগ্রাধিকার ভিত্তিতে চিহ্নিত সেবাসমূহের প্রথম সেবাটি অধিকতর সহজ উপায়ে প্রদান করার পন্থা বা প্রক্রিয়া উদ্ভাবন এবং প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট আইন বা বিধি পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন
৫. নতুন পদ্ধতিতে সীমিত পরিসরে প্রথম সেবাটির প্রয়োগ
৬. অর্জিত অভিজ্ঞতার আলোকে প্রয়োজনীয় সংশোধন ও পরিমার্জনসহ নতুন পদ্ধতিতে প্রথম সেবাটি প্রদান শুরু
৭. বিসিএসআইআর প্রদেয় নাগরিক সেবা সমূহের সম্ভাব্য পূর্ণাঙ্গ তালিকা প্রণয়ন
৮. বিসিএসআইআর প্রদেয় অনলাইন নমুনা বিশ্লেষণ সেবা সংশ্লিষ্ট সকল ধরণের স্টেকহোল্ডারদের সাথে আলোচনাক্রমে সহজীকরণের উদ্যোগ
৯. নতুন পদ্ধতিতে বিসিএসআইআর প্রদেয় অনলাইন নমুনা বিশ্লেষণ সেবা প্রদান
১০. বিসিএসআইআর প্রদেয় শিল্প প্রযুক্তি (প্রসেস) লিজ প্রদান প্রক্রিয়া সহজীকরণের উদ্যোগ
১১. বিজ্ঞান শিক্ষা জনপ্রিয় করার লক্ষ্যে মোবাইল গবেষণাগার তৈরি এবং তা বিভিন্ন বিজ্ঞান মেলা, সেমিনার ও প্রদর্শনীতে বিশেষ করে লাগসই প্রযুক্তি সেমিনার সমূহে প্রদর্শন
১২. প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশিত বিসিএসআইআর-এর অধিক্ষেত্র অনুযায়ী গবেষণা ও বিশ্লেষণ বিষয়ক সমস্যার দ্রুত সমাধানে একটি এলিট টিম গঠন
১৩. সাফল্য ও অর্জনসহ বিজ্ঞানীদের গবেষণা ও উন্নয়ন কর্মকান্ডের পূর্ণাঙ্গ ডাটাবেজ তৈরী
১৪. বিসিএসআইআর-এর ৬০ জন বিজ্ঞানী/কর্মকর্তার জন্য ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষনের আয়োজন করা
১৫. বিসিএসআইআর-এর কার্যক্রম সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক প্রচার এবং জনগনের মতামতের আলোকে সিদ্ধান্ত নেয়ার উদ্যোগ গ্রহণ করা
১৬. বিসিএসআইআর-এর ওয়েবসাইটকে আরো তথ্য বহুল ও আকর্ষনীয়করণ এবং নিয়মিত হালনাগাদ করা
১৭. দাপ্তরিক ফাইল নিষ্পত্তির জন্য ই-ফাইলিং এর ব্যবহার বাড়ানো
১৮. বিসিএসআইআর-এর সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী হতে উদ্ভাবনী ধারণা সংগ্রহ করা ও সেগুলো বাস্তবায়ন

১৯. ইনোভেটিব আইডিয়া বাস্তবায়নের জন্য অর্থ বরাদ্দ রাখা ও ইনোভেটরদের উৎসাহিত করতে পুরস্কারের ব্যবস্থা করা

**জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর:**

১. জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে দর্শকদের জন্য ক্যান্টিন চালু করা
২. মহিলাদের জন্য Breast Feeding কর্ণার স্থাপন করা
৩. জাদুঘরের প্রবেশ গেটের সিড়িতে র‌্যাম্প স্থাপন করা
৪. শারীরিক প্রতিবন্ধীদের জন্য বিশেষ টয়লেট স্থপন করা
৫. জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে নতুন দুটি অনলাইন সেবা চালু করা
৬. অনলাইন টিকিট চালু করা
৭. ৪০% ফাইল ই-নথিতে রূপান্তর করা
৮. জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের সেবাসমূহ অধিকতর জনবান্ধব করার লক্ষে সকল পর্যায়ে কর্মকর্তা-কর্মচারীদের নিকট হতে উদ্ভাবনী ধারণা নিয়মিত প্রাপ্তির উদ্দেশ্যে ইনোভেশন বক্স চালু করা
৯. প্রতিমাসে ইনোভেশন টিমের সভায় ইনোভেশন বক্সে প্রাপ্ত আইডিয়াসমূহ যাচাই ও বাছাই করা
১০. প্রতিমাসে বাছাই করে প্রাপ্ত আইডিয়াসমূহ বাস্তবায়ন করার জন্য প্রয়োজনীয় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন
১১. জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের কর্মকর্তা-কর্মচারীদের উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নে সহায়তা প্রদান করার জন্য ইনোভেশন সার্ভিস ফান্ড গঠনের প্রস্তাব
১২. জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের মধ্য থেকে আইডিয়া প্রদানকারী সেরা কর্মকর্তা-কর্মচারীদের পুরস্কার বিতরণ
১৩. সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকের সাহায্যে সুবিধাভোগীদের সাথে যোগাযোগ বৃদ্ধি করা
১৪. বিজ্ঞান সেবী সংস্থা,বিজ্ঞান ক্লাব সংগঠনের সাথে যৌথ উদ্যোগে ২ টি সেমিনার,কর্মশালার আয়োজন করা
১৫. বিজ্ঞান সেবী সংস্থা,বিজ্ঞান ক্লাব সংগঠনের সাথে যৌথ উদ্যোগে ২ টি জোতির্বিজ্ঞান বিষয়ক আবাসিক ক্যাম্প আয়োজন
১৬. ২০১৬-১৭ সময়ের বার্ষিক প্রতিবেদন অনলাইন এবং মুদ্রণ আকারে প্রকাশ করা
১৭. দর্শকদের সুবিধার জন্য প্রদর্শনী বস্তুর বর্ণনা সহ তালিকা প্রকাশ করা
১৮. নবীন বিজ্ঞানী পত্রিকার ৪ টি সংখ্যা প্রকাশ করা

**বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক):**

১. প্রিন্টেড টেক্সটকে ডিজিটাল টেক্সটে রূপান্তর -২৪টি বইয়ের
২. তথ্য ব্যবস্থাপনায় ই-বুক সফটওয়্যারের ব্যবহার শীর্ষক প্রশিক্ষণ -৪টি।
৩. ব্যান্সডক কর্তৃক সংগৃহীত/ প্রাপ্ত তথ্য ওয়েব সাইটে আপলোড
৪. ব্যান্সডক ওয়েবসাইট হালনাগাদকরণ

৫. মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ২০১৭-২০১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসংস্থান চুক্তিতে বর্ণিত তালিকা অনুযায়ী দপ্তর/সংস্থার জন্য প্রযোজ্য কমপক্ষে দুটি করে অনলাইন সেবা চালু করা
   (১) ডকুমেন্টেশন শাখার 'জার্নাল আর্টিকেলের আবেদন ফরম'
   (২) Self-updating system on Scientists Personal Profile
৬. দপ্তরে ১টি করে সেবা সহজীকরণ

**বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার:**

১. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের সেবা গ্রহীতার সংখ্যা বিবেচনা করে নভোথিয়েটারের অভ্যন্তরে টিকেট কাউন্টার স্থাপন
২. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের কর্মকর্তা-কর্মচারীদের মাসিক বেতন অনলাইনের মাধ্যমে পরিশোধ
৩. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের ৪০% ফাইল ই-ফাইলিং এর মাধ্যমে নিষ্পত্তি
৪. বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের জন্য অনলাইনে আবেদন
৫. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের সকল প্রদর্শনীর টিকেট অনলাইনে বুকিং এবং পেমেন্টের ব্যবস্থা
৬. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের সেবাসমূহ অধিকতর জনবান্ধব করার লক্ষ্যে সকল পর্যায়ে কর্মকর্তা-কর্মচারীদের নিকট হতে উদ্ভাবনী ধারণা নিয়মিত প্রাপ্তির উদ্দেশ্যে ইনোভেশন বক্স চালু করা
৭. ওয়েবসাইটে আইডিয়া প্রদান করার জন্য একটি ইনোভেশন বক্স প্লাটফরম তৈরি
৮. প্রতিমাসে ইনোভেশন টিমের সভায় ইনোভেশন বক্সে প্রাপ্ত আইডিয়াসমূহ যাচাই ও বাছাই করা
৯. প্রতিমাসে বাছাই করে প্রাপ্ত আইডিয়াসমূহ বাস্তবায়ন করার জন্য প্রয়োজনীয় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন
১০. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের কর্মকর্তা-কর্মচারীদের ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করা
১১. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের কর্মকর্তা-কর্মচারীদের উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নে সহায়তা প্রদান করার জন্য ইনোভেশন সার্ভিস ফান্ড গঠনের প্রস্তাব
১২. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে কর্মরত আইডিয়া প্রদানকারী সেরা কর্মকর্তা-কর্মচারীদের পুরস্কার বিতরণ
১৩. নভোথিয়েটারের সেবাসমূহ বিষয়ে মতামত গ্রহণের জন্য ই-মেইলের ব্যবহারের পাশাপাশি ফেসবুক, ওয়েবসাইট এবং অন্যান্য মাধ্যমে যাচাই করা

**বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ:**

১. ই-লাইসেন্সিং ও ই-লার্নিং সিস্টেম:

- বাপশনিক এর ই-লাইসেন্সিং সেবা চালুকরণ: বাপশনিক ই-লাইসেন্সিং সেবা চালু এই সেবা প্রক্রিয়া চালু হলে স্টেকহোল্ডাররা খুব সহজেই লাইসেন্সের জন্য দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে অনলাইনে আবেদন করতে পারবেন।

- সেবা সংক্রান্ত নিয়ন্ত্রণমূলক মোবাইল এ্যাপস্ উন্নয়ন: এর ফলে স্টেকহোল্ডাররা খুব সহজেই মোবাইল এর মাধ্যমে লাইসেন্সের হালনাগাদকৃত তথ্যাদি জানতে সক্ষম হবেন।

- অনলাইনে পেমেন্ট সিস্টেম চালুকরণ: এর ফলে গ্রাহকরা রেগুলটরী ফি অনলাইনে প্রদান করতে পারবেন।

- বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তাদের প্রশিক্ষণ এবং পরীক্ষার আবেদন অনলাইনে চালু করণ।

- গ্রাহকরা যেন ডিজিটাল সেন্টারে গিয়ে বাপশনিক এর e-licensing & e-learning সেবা সহজেই গ্রহণ করতে পারে এ জন্য ডিজিটাল সেন্টার এর কর্মকর্তাদের জন্য নির্দেশিকা প্রণয়ন করা হবে।

উল্লেখ্য যে, ইনোভেশন এর মাধ্যমে রেগুলেটরী সেবার মানোন্নয়নের লক্ষ্যে সার্ভিস ইনোভেশন ফান্ড এর আওতায় বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক)-এর "e-licensing & e-learning System of BAERA" শীর্ষক অনুমোদিত প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে উপরে উল্লেখিত পরিকল্পনাসমূহ বাস্তবায়িত হবে। প্রকল্প বাস্তবায়নের ধারাবাহিকতায় প্রকল্পটির promotion করার জন্য সামাজিক যোগাযোগ মাধ্যম, পোস্টার এবং SMS এর মাধ্যমে প্রচারের বিষয়টি বিবেচনায় রাখা হয়েছে।

২. হেল্প ডেস্ক স্থাপনঃ বাপশনিক এর ই-লাইসেন্সিং সেবা সফল ভাবে চালু করণের পর গ্রাহকরা যেন বাপশনিক এর e- licensing & e-learning সেবা সহজেই গ্রহণ করতে পারে এ জন্য বাপশনিক এ একটি হেল্প ডেস্ক স্থাপন করা হবে, যেখানে বাপশনিক এ আগত গ্রাহকরা প্রয়োজনীয় দিক নির্দেশনা অনুযায়ী সরাসরি কম্পিউটারে বসে হাতেকলমে **অনলাইনে আবেদন করার পদ্ধতি সম্পর্কে অবগত হতে পারবেন**।

৩. কমিউনিকেশন টিম গঠনঃ বাপশনিক এর বিভিন্ন সেবা সংক্রান্ত বিষয়, বিকিরণ সুরক্ষা সংক্রান্ত করণীয় দিকসমূহ সহ অন্যান্য প্রয়োজনীয় তথ্য সেবাগ্রহীতা ও জনসাধারণের সাথে বিনিময় এর লক্ষ্যে বাপশনিক এ একটি কমিউনিকেশন টিম গঠন করা হবে যার কার্যপরিধিতে থাকবে স্টেক হোল্ডার ম্যাপিং, জনসচেতনতা বৃদ্ধিমূলক কর্মসূচি, সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীর সাথে যোগাযোগ বর্ধিতকরণ ইত্যাদি।

৪. ওয়েবসাইট আকর্ষণীয়করণঃ জনগণের সাথে কার্যকর যোগাযোগ স্থাপনের জন্য ইনোভেশন টিম অত্র প্রতিষ্ঠানের ওয়েবসাইটটি আরও আকর্ষণীয় করে তোলার জন্য কাজ করবে।

**ন্যাশনাল ইনিস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি):**

১. জীবপ্রযুক্তি ব্যবহার করে নতুন প্রযুক্তি উদ্ভাবনের নিমিত্ত গবেষণা কার্যক্রম পরিচালনায় উদ্বুদ্ধকরণ
২. দক্ষতা বৃদ্ধির মাধ্যমে গবেষণা কাজ সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত বিজ্ঞানীদের জন্য বিষয়ভিত্তিক প্রশিক্ষণ
৩. কাজের দক্ষতা বৃদ্ধির জন্য বৈজ্ঞানিক সহকারী ও ল্যাবরেটরী সহগামীদের সংশ্লিস্ট বিষয়ে প্রশিক্ষণ
৪. দক্ষতার সহিত কম্পিউটার ব্যবহার, সংশ্লিষ্ট ক্ষেত্রে সাইবার নিরাপত্তা ব্যবস্থপনা, ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ
৫. জাতীয় ই-সেবা সিস্টেমের আওতায় এনআইবি'র ইনোভেশন টিমের কার্যক্রম ইন্টারনেট ভিত্তিক বা অনলাইনভিত্তিক করার উদ্যোগ গ্রহণ
৬. পর্যায়ক্রমে সকল বিজ্ঞানীসহ প্রয়োজনীয় সকলের জন্য কম্পিউটার সংস্থানের উদ্যোগ গ্রহণ
৭. তথ্য সেবা প্রদানের জন্য ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ।
৮. দেশ বিদেশে কর্মরত জীবপ্রযুক্তি বিষয়ক বাংলাদেশী গবেষকগণের জন্য ওয়েব ভিত্তিক অনলাইন ডাটাবেস প্রণয়ন।
৯. ডিএনএ সিকোয়েন্সিং সেবা অনলাইনকরণ

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের কার্যক্রম সংক্রান্ত

# প্রতিবেদন ২০১৭

মেয়াদঃ ১ জানুয়ারি-৩০ জুন ২০১৭

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**
**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**বর্তমান সরকারের সময়ে ২০১৭ সালের ০১ জানুয়ারি থেকে ৩০ জুন পর্যন্ত বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং এর আওতাধীন সংস্থার ইনোভেশন টিম কর্তৃক অর্জিত সাফল্যের প্রতিবেদন**

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সভায় চিফ ইনোভেশন অফিসার ও অতিরিক্ত সচিব জনাব মোহাম্মাদ আবদুল মাননানের সভাপতিত্বে এবং অধীনস্থ সংস্থাসমূহের ইনোভেশন অফিসারের উপস্থিতিতে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের এ প্রতিবেদন চূড়ান্ত করা হয়। এ প্রতিবেদন নিম্নরূপ:

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়:**

১. **ইনোভেশন টিমের সভা:** ইনোভেশন টিমের সভা নিয়মিত অনুষ্ঠিত হয়েছে এবং অগ্রগতি মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করা হয়েছে।

২. **কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা:** কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধির জন্য এ মন্ত্রণালয়ের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণকে সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৩. **নতুন ই-ফাইলিং সিস্টেম বাস্তবায়ন:** বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সকল সেবাকে ই-সেবায় রূপান্তরের লক্ষ্যে ই-ফাইল ব্যবস্থাপনা পদ্ধতি ও চিঠিপত্র, ডকুমেন্ট ইত্যাদি ইলেক্ট্রনিক পদ্ধতিতে আদান-প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এতে মন্ত্রণালয়ের কাজের স্বচ্ছতা ও গতিশীলতা বৃদ্ধি পেয়েছে এবং কাগজের ব্যবহার কমে গেছে। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় প্রথম থেকেই ই-ফাইলিং সিস্টেম ব্যবহার করে আসছে এটুআই প্রোগ্রাম প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে প্রাপ্ত নতুন ই-ফাইলিং সিস্টেম ব্যবহার শুরু করছে।

৪. **বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়সহ অধীনস্থ সংস্থাসমূহ নতুন ওয়েব পোর্টালে অন্তর্ভুক্তিকরণ:** বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে অনেক পূর্বেই জাতীয় তথ্য বাতায়নের অধীন নতুন ওয়েব পোর্টাল উদ্বোধন করা হয়। পরবর্তী সময়ে মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে সকল অধীন সংস্থাসমূহকে ন্যাশনাল ওয়েব পোর্টালে অন্তর্ভুক্ত করা হয়।

৫. **আওতাধীন সংস্থাসমূহে ই-ফাইলিং সিস্টেম বাস্তবায়ন:** এই মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের মধ্যে পাঁচটি সংস্থায় ই-ফাইলিং বাস্তবায়ন করা হয়েছে।

৬. **সাইবার সিকিউরিটির উপর বিশেষ প্রশিক্ষণ:** সাইবার সিকিউরিটির উপর মন্ত্রণালয়ে বিশেষ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৭. **সেবামুখী কার্যক্রম:** অত্র মন্ত্রণালয়ের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদকরণের ফলে মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিভিন্ন আদেশ, বিজ্ঞপ্তি, সার্কুলার ইত্যাদি কর্মকর্তা, গবেষক, ছাত্র-ছাত্রী এবং গবেষণামূলক প্রতিষ্ঠান তাৎক্ষণিকভাবে বিষয়টি জানতে পারছেন।

৮. **মাল্টিমিডিয়ার ব্যবহার:** মন্ত্রণালয়ে অনুষ্ঠিত প্রকল্পসমূহের মিটিং, দ্বিপাক্ষিক চুক্তি, প্রশিক্ষণ সহজে উপস্থাপন করার জন্য মাল্টিমিডিয়ার ব্যবহার প্রবর্তন করা হয়েছে।

৯. **ওয়েবসাইটে মতামত লিংক স্থাপন:** বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে মতামত প্রদানের জন্য লিংক স্থাপন করা হয়েছে। এতে সহজেই যে কেউ বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সেবা সংক্রান্ত বা অন্যান্য বিষয়ে মতামত প্রদান করতে পারবেন।

**বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন:**

১. BAEC Web Portal-এর অন্তর্ভুক্ত বিভাগ ও ইনস্টিটিউট সমূহের তথ্য হালনাগাদ-এর কাজ চলমান। ইতিমধ্যে পরমাণু শক্তি কেন্দ্র, ঢাকাসহ এইআরই-এর কিছু ইনস্টিটিউট-এর তথ্য হালনাগাদ সম্পন্ন হয়েছে।

২. ইনমাস, ঢাকা-এর জন্য অনলাইনে রোগী সেবা দানের Patient Management System (PMS) চালু করা হয়েছে।

৩. বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের অভ্যন্তরীণ ই-সেবা সহজীকরণ করার লক্ষ্যে একটি Common Platform তৈরির কাজ প্রাথমিকভাবে সম্পন্ন হয়েছে।

৪. বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনে ইতিমধ্যে মডুল বেসড নিউক্লিয়ার ই-লারনিং সিস্টেমের প্লাটফর্ম প্রস্তুত করা হয়েছে।

৫. বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের Online General Provident Fund (GPF) সিস্টেমের Requirement Analysis এবং ডাটাবেজ ডিজাইনের কাজ প্রাথমিকভাবে সম্পন্ন করা হয়েছে।

**বাংলাদেশর বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর):**

১. বর্তমানে বিসিএসআইআর-এর বিশ্লেষণ সেবা অনলাইন করা হয়েছে। ই-টেন্ডারিং চালু করা হয়েছে। ই-ফাইলিং সীমিত পর্যায়ে চালু করা হয়েছে। পরবর্তী বছর থেকে বিজ্ঞান মেলা আয়োজন ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের গবেষণা (থিসিস) সুপারভিশন অনলাইন করার উদ্যোগ নেয়া হয়েছে।

২. জানুয়ারি-জুন ২০১৭ সময়কালে বিসিএসআইআর-এর ইনোভেশন টিম মোট ৬টি সভার আয়োজন করেছে।

৩. বিসিএসআইআর-এর গবেষণা ও উন্নয়ন কার্যাবলীর পূর্ণাঙ্গ ডাটাবেজ তৈরী করতে গবেষণা সমন্বয়কারীর দপ্তরকে সহযোগীতা করা হচ্ছে।

৪. বিসিএসআইআর-এ সীমিত পর্যায়ে ই-ফাইলিং পদ্ধতি চালু করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৫. বিসিএসআইআর-এর ওয়েবসাইট উত্তরোত্তর উন্নয়ন ও তথ্যবহুল করা হয়েছে।

৬. তথ্য আদান প্রদানের ক্ষেত্রে বিসিএসআইআর-এর সকল পর্যায়ে ইলেকট্রনিক পদ্ধতির ব্যবহারকে উৎসাহিত করা হয়েছে।

৭. বিসিএসআইআর-এ উদ্ভাবনাবান্ধব পরিবেশ তৈরী করতে এবং বিষয়টিকে ব্যাপকভাবে ছড়িয়ে দেয়ার জন্য বিসিএসআইআর-এর প্রতিটি ইউনিটে ইনোভেশন সাব কমিটি গঠণ করা হয়েছে।

৮. বিসিএসআইআর-এর কার্যক্রম সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার করা হচ্ছে। এ ব্যাপারে সরকারী বিধিমালা অনুসরণ করা হচ্ছে।

৯. রাষ্ট্রীয়ভাবে গৃহিত বিভিন্ন মেলায় বিশেষ করে উন্নয়ন মেলা-২০১৭ এ বিসিএসআইআর অংশগ্রহণ করেছে।

**জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর:**

১. ইনোভেশন টিমকে গতিশীল করার লক্ষে নতুন নিয়োগকৃত কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি পুনঃগঠন করা হয়েছে

২. প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে ইনোভেশন টিমের মাসিক সভার আয়োজন করা হয়েছে

৩. ত্রৈমাসিক পত্রিকা 'নবীন বিজ্ঞানী' এর ১ টি সংখ্যা প্রকাশ করা হয়েছে

৪. ওয়েবপোর্টালকে হালনাগাদ ও আর্কষণীয় করা হয়েছে

৫. নতুন দুটি অনলাইন সুবিধা ফর্ম চালু করা হয়েছে (মিউজু বাস চাহিদা ফর্ম ও ফ্রি পরিবহন সুবিধা প্রাপ্তি ফর্ম)

৬. বিদ্যমান ওয়াইফাই এর গতি ১৫ mbps থেকে বৃদ্ধি করে ২০ mbps করা হয়েছে

৭. সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকের সাহায্যে সুবিধাভোগীদের সাথে যোগাযোগ বৃদ্ধি করা হয়েছে

৮. পরিচ্ছন্নতার জন্য আধুনিক সরঞ্জাম সংগ্রহ করা হয়েছে

৯. বিশুদ্ধ খাবার পানি সরবরাহের জন্য উন্নতমানের পিউরিফায়ার স্থাপন করা হয়েছে

১০. টিকিট কাউন্টার আধুনিকায়ন করা হয়েছে

১১. ৬৪ টি জেলায় সেমিনার ও বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে

১২. বিজ্ঞানীদের ছবি সম্বলিত ক্যালেন্ডার প্রকাশ করা হয়েছে

১৩. আধুনিক ডিসপ্লে বোর্ড তৈরি করা সম্ভব হয় নাই

১৪. তিমির কংকালকে উন্নতমানের লাইটিং(এল ই ডি স্ট্রীপ) দিয়ে সজ্জিত করা হয়েছে

১৫. বিশেষ বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়েছে

১৬. বিগত ২৩-২৪ এপ্রিল ২০১৭ তরুন বিজ্ঞানীদের উদ্ভাবিত প্রকল্প নিয়ে প্রদর্শনীর আয়োজন করা হয়েছে

**বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক):**

১. বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সমন্বয় সভায় ব্যান্সডকের ইনোভেশন অফিসার নিয়মিত যোগদান করেছেন।

২. ব্যান্সডকের ইনোভেশন টিমের সভা ব্যান্সডকে নিয়মিত অনুষ্ঠিত হয়েছে।

৩. ব্যান্সডকের নিজস্ব জনবল দিয়ে ব্যান্সডকে সংরক্ষিত এবং বিভিন্ন আর এন্ড ডি প্রতিষ্ঠান হতে প্রাপ্ত বই থেকে ১১টি বইকে ই-বুকে রূপান্তরিত করে সংস্থার ওয়েব পোর্টালে আপলোড করা হয়েছে।

৪. সারাদেশের সরকারি বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠান সমূহের গ্রন্থাগারিক ও গ্রন্থাগার সংশ্লিষ্ট কর্মকর্তাদের ই-বুক প্রস্তুত বিষয়ে উল্লেখিত সময়ে ১টি ব্যাচে মোট ৩৩ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে।

৫. প্রতিমাসেই সংস্থার ওয়েব সাইট নিয়মিত হালনাগাদ করা হয়েছে।

৬. দৈনিক পত্রিকাসমূহে প্রকাশিত বিজ্ঞান বিষয়ক পপুলার ফিচারসমূহ সংগ্রহ করে ডাটাবেজে সংরক্ষণ করার ব্যবস্থা নেওয়া হয়েছে। উল্লেখিত সময়ে মোট ৬২৫ টি কাটিং সংগ্রহ ও ডাটাবেজে আপলোড করা হয়েছে।

**বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার:**

১. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে কর্মরত জনবলকে তথ্য প্রযুক্তি বিষয়ে নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা নেয়া হয়েছে।

২. অফিসে স্থাপিত কম্পিউটারগুলোকে LAN (Local Area Network) এর আওতায় আনা হয়েছে।

৩. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের ওয়েবসাইট আকর্ষণীয় ও নিয়মিত হালনাগাদ রাখা হয়েছে।

৪. নভোথিয়েটারের প্রশাসনিক এরিয়া ও প্লানেটেরিয়াম এরিয়ায় WiFi স্থাপনের ব্যবস্থা করা হয়েছে।

৫. নতুন ডিজিটাল ফিল্ম সংযোজন ও ডিজিটাল প্রজেক্টর সংযোজনের মাধ্যমে প্লানেটেরিয়াম শো-কে আধুনিকায়ন করা হয়েছে।

৬. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের কর্মকর্তা-কর্মচারীদের ইলেকট্রনিক পাঞ্চ কার্ড প্রণয়ন করা হয়েছে।

৭. নিরাপত্তা ব্যবস্থা জোরদারের লক্ষ্যে রিয়ার প্রজেকশন রুম ও প্রশাসনিক এলাকায় ৩টি সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে। নভোথিয়েটারের অভ্যন্তরে প্রবেশদ্বারে একটি আর্চওয়ে স্থাপন করা হয়েছে। অধিক নিরাপত্তার স্বার্থে ১টি আধুনিক লাগেজ স্ক্যানার ক্রয় প্রক্রিয়াধীন আছে।

**বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ:**

১. "e-licensing & e-learning System of BAERA" শীর্ষক প্রকল্প বাস্তবায়নঃ ইনোভেশন এর মাধ্যমে রেগুলেটরী সেবার মানোন্নয়নের লক্ষ্যে সার্ভিস ইনোভেশন ফান্ড এর আওতায় বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক)-এর "e-licensing & e-learning System of BAERA" শীর্ষক একটি প্রকল্প ইতোমধ্যে অনুমোদিত হয়েছে । প্রকল্প বাস্তবায়নের কাজ চলামন রয়েছে। বর্তামানে প্রকল্পটির ডাটা এন্ট্রি এর কাজ চলছে।

২. ই-ফাইলিং সিস্টেমঃ বাপশনিকের ই-ফাইলিং সিস্টেম চালুকরণের লক্ষ্যে গত ১৩-১৬ মার্চ ২০১৭ ইং তারিখে বাপশনিকের ০২ (দুই) জন কর্মকর্তা প্রধানমন্ত্রীর কার্যালয়ে Training of Trainer শীর্ষক প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। উক্ত প্রশিক্ষণের ধারাবাহিকতায় গত ৩-৪ এবং ৫-৬ এপ্রিল ২০১৭ ইং তারিখে বাপশনিকের কর্মকর্তা / কর্মচারীদের ই-ফাইলিং সিস্টেমের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়। গত ২৪ এপ্রিল ২০১৭ ইং তারিখে বাপশনিকের ই-ফাইলিং সিস্টেম লাইভ সার্ভারে অর্ন্তভুক্ত হয়েছে।

৩. ই-টেন্ডারিং (ই-জিপি) সিস্টেমঃ গত ফেব্রুয়ারি ২০১৭ তারিখ থেকে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষে ই-জিপি কার্যক্রম পুরোদমে চালু করা হয়েছে। ই-জিপির আওতায় ০৩ (তিন) টি টেন্ডার প্রক্রিয়া ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। এর মধ্যে একটি বাপশনিক এর জন্য ভিডিও কনফারেন্সিং সিস্টেম, একটি সিসিটিভি ক্রয় এবং অপরটি কম্পিউটার সামগ্রী ক্রয় সংক্রান্ত। ইতিমধ্যে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে মস্কোতে VO Sasfety এর সাথে যোগাযোগ করা হচ্ছে।

৪. ওয়েবসাইট আকর্ষণীয়করণঃ নিয়মিতভাবে ওয়েবসাইটটি হালনাগাদ ও আকর্ষণীয়করণের কাজ চলমান রয়েছে।

**ন্যাশনাল ইনিস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি):**

৫. জীবপ্রযুক্তি ব্যবহার করে নতুন প্রযুক্তি উদ্ভাবনের নিমিত্ত গবেষণা কার্যক্রম পরিচালনায় উদ্ধুদ্ধকরণ: উল্লেখিত সময়ে গবেষকগণের সহিত নিয়মিত বৈঠক, আলোচনা এবং মটিভেশন কার্যক্রম পরিচালনা করা হয়েছে। দেশ বিদেশের বিভিন্ন জায়গায় কিছু গবেষণা প্রস্তাব প্রেরণ করা হয়েছে। মোট ৪টি প্রকল্পের বিপরীতে গবেষণা অনুদান পাওয়া গিয়াছে। আরও প্রায় ৬টি গবেষণা প্রস্তাব বিবেচনাধীন আছে।

৬. দক্ষতা বৃদ্ধির মাধ্যমে গবেষণা কাজ সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত বিজ্ঞানীদের জন্য বিষয়ভিত্তিক প্রশিক্ষণ: ইতোমধ্যে বায়োইনফরমেটিকস্ বিষয়ে প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণ মডিউল প্রস্তুত করা হয়েছে। Open Source Software, সাইবার নিরাপত্তা, ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ আয়োজন প্রক্রিয়াধীন আছে।

৭. দক্ষতার সহিত কম্পিউটার ব্যবহার, সংশ্লিষ্ট ক্ষেত্রে সাইবার নিরাপত্তা ব্যবস্থাপনা, ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ: কম্পিউটার ব্যবহারকারী অফিস সহকারিগণের জন্য কম্পিউটার এবং ইন্টারনেট ব্যবহার সংক্রান্ত বেসিক বিষয়ে প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। সাইবার নিরাপত্তা বিষয়ে প্রশিক্ষণ আয়োজন প্রক্রিয়াধীন আছে।

৮. সেবামুখী কার্যক্রম: এনআইবি'র গবেষকসহ দেশ বিদেশের বিভিন্ন পর্যায়ের ভোক্তাগণকে তথ্যসেবা প্রদানের লক্ষ্যে ইনস্টিটিউটের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা হয়েছে এবং হালনাগাদকরণ চলমান রয়েছে।

৯. অনলাইনে ডিএনএ সিকোয়েন্সিং সেবা প্রাপ্তির আবেদন: অনলাইনে সেবা প্রদানের জন্য প্রাথমিক ফরম্যাট প্রস্তুত করা হয়েছে।

১০. ইনোভেশন টিমের সভা: প্রতি মাসে ইনোভেশন টিমের সভা অনুষ্ঠিত হয়েছে এবং উক্ত সভার প্রতিবেদন প্রশাসনিক মন্ত্রণালয়ের আইসিটি শাখায় নিয়মিত প্রেরণ করা হয়েছে।

১১. জাতীয় ইলেকট্রনিক গভর্ণমেন্ট প্রকিউরমেন্ট (জিপি-ই) পোর্টালে অন্তর্ভূক্তি: ই-টেন্ডারিং চালু করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং ই-টেন্ডারিং চালু করা হয়েছে।